

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
সংস্থাপন শাখা, প্রশাসন বিভাগ
১৬, আব্দুল গণি রোড, ঢাকা।
www.dgfood.gov.bd

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, খাদ্য অধিদপ্তরাধীন নন-গেজেটেড ২৪ ক্যাটাগরির ১১৬৬টি শূন্য পদে সরাসরি নিয়োগের জন্য প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তরের ১১/০৭/২০১৮ খ্রি. তারিখের ১২২৯ নং স্মারকে নিয়োগ বিজ্ঞপ্তি জারি করা হয়। উক্ত নিয়োগ বিজ্ঞপ্তির প্রেক্ষিতে প্রথম পর্যায়ে ১৪ ক্যাটাগরির (১.ল্যাবরেটরী টেকনিশিয়ান, ২.ফোরম্যান, ৩.মেক্যানিক্যাল ফোরম্যান, ৪.অপারেটর, ৫.ইলেকট্রিশিয়ান, ৬.ভেহিক্যাল ইলেকট্রিশিয়ান, ৭.সহকারী ফোরম্যান, ৮.মিলরাইট, ৯.ল্যাবরেটরী সহকারী, ১০.সহকারী অপারেটর, ১১.স্টেভেডর সরদার, ১২.ভেহিক্যাল মেকানিক, ১৩.সহকারী মিলরাইট এবং ১৪.সাইলো অপারেটর) পদসমূহে নিয়োগের লিখিত পরীক্ষা আগামী ২০/০৩/২০২০ খ্রি. তারিখ সকাল ১০.০০ ঘটিকা হতে ১১.৩০ ঘটিকা পর্যন্ত ইডেন মহিলা কলেজ, ঢাকায় অনুষ্ঠিত হবে। বর্ণিত পদসমূহের আবেদনকারী/প্রার্থীগণকে যথাসময়ে উল্লিখিত স্থানে নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য অনুরোধ করা যাচ্ছে।

উক্ত পদসমূহে আবেদনকারী প্রার্থীগণ ০৩/০৩/২০২০ খ্রি. তারিখ হতে টেলিটক বাংলাদেশ লিমিটেড এর ওয়েবসাইট <http://dgfood.teletalk.com.bd> হতে প্রবেশ পত্র ডাউনলোড করতে পারবেন। প্রার্থীগণকে আবশ্যিকভাবে প্রবেশ পত্রের রজিন কপি প্রিন্ট করে পরীক্ষায় অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

প্রবেশ পত্র ডাউনলোড করতে কোন সমস্যা হলে টেলিটক এর হটলাইন ১২১ এ যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো। জটিলতা এড়ানোর লক্ষ্যে শেষ তারিখের জন্য অপেক্ষা না করে দ্রুততার সাথে প্রবেশ পত্রের রজিন কপি প্রিন্ট করার জন্য অনুরোধ করা হলো।

নিয়োগ বিজ্ঞপ্তির অন্যান্য পদের পরীক্ষা পরবর্তীতে ধাপে ধাপে অনুষ্ঠিত হবে। পরীক্ষার সময়সূচী খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে বিজ্ঞপ্তির মাধ্যমে প্রকাশ করা হবে।

এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।

স্বা!

(মামুন আল মোর্শেদ চৌধুরী)
উপ-পরিচালক (সংস্থাপন)
ফোন-৯৫৬১২০৯


স্মারক নং-১৩.০১.০০০০.০৩১.১১.০০১.১৮(অংশ-১)-৪৪২(৮)

তারিখঃ ০৩/০৩/২০২০ খ্রিঃ।

অনুলিপিঃ- সদয় অবগতি/অবগতি ও কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য।

- (১) সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সদয় অবগতির জন্য।
- (২) মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা। সদয় অবগতির জন্য।
- (৩) পরিচালক, প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- (৪) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
- (৫) ব্যবস্থাপনা পরিচালক, টেলিকটক বাংলাদেশ লিমিটেড, রাজউক কমার্শিয়াল কমপ্লেক্স, হোল্ডিং নং-৩/এ, ৫/এ, ৭/এ, রোড নং-১৭, গুলাশান, ঢাকা-১২১২।
- (৬) জেনারেল ম্যানেজার, মার্কেটিং ও ভ্যালু এডেড সার্ভিসেস (ভিএএস), টেলিকটক বাংলাদেশ লিমিটেড, রাজউক কমার্শিয়াল কমপ্লেক্স, হোল্ডিং নং-৩/এ, ৫/এ, ৭/এ, রোড নং-১৭, গুলাশান, ঢাকা-১২১২।
- (৭) ম্যানেজার (ভিএএস), ডিপার্টমেন্ট: মার্কেটিং এন্ড ভিএএস, রাজউক কমার্শিয়াল কমপ্লেক্স, হোল্ডিং নং-৩/এ, ৫/এ, ৭/এ, রোড নং-১৭, গুলাশান-১, ঢাকা-১২১২।
- (৮) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। (বিজ্ঞপ্তিটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

০৩/০৩/২০২০ খ্রি. তারিখ হতে বর্ণিত ১৪ ক্যাটাগরির পদসমূহের আবেদনকারীগণের জন্য টেলিটক বাংলাদেশ লিমিটেড এর ওয়েবসাইট <http://dgfood.teletalk.com.bd> হতে প্রবেশপত্র ডাউনলোডের ব্যবস্থা রাখার জন্য অনুরোধ করা হলো।


(মামুন আল মোর্শেদ চৌধুরী)
উপ-পরিচালক (সংস্থাপন)
০৩/০৩/২০২০